

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০৬.০০.০০২.২০১৭-২৭২

তারিখঃ ২৫-১০-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্লান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ স্মারক নং-স্বাঃঅধিঃ/এএমসি/প্রকিউরমেন্ট/২০১৭-২০১৮/৩৭৫৫, তাং-১৮-০৯-২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ২৪২টি আইটেমের বিপরীতে ৯০১.০০ (নয় কোটি এক লক্ষ) লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্লান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তঃ

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজসমূহের ক্ষেত্রে NCB/OTM (Open Tendering Method-National) অনুসরণ করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) কোনক্রমেই অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের অতিরিক্ত ব্যয় করা যাবে না;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ছ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
অল্টারনেটিভ মেডিকেল কেয়ার (এএমসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব(উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.১৪২.০০.০০.০০১.২০১২-২৭৩

তারিখঃ ২৫-১০-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থবছরে হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট কর্মসূচির অপারেশনাল প্ল্যান হতে জাইকার অর্থায়নে ০৬টি জেলা হাসপাতালের জন্য প্রণীত সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন।


সূত্রঃ (১) স্মারক নং-স্বাঃঅধিঃ/হঃসাঃম্যাঃ/২০১৬-২০১৭/১২৭৩, তাং-০১-০৮-২০১৭ খ্রিঃ।

(২) জাইকা ঢাকা অফিসের ১৯ অক্টোবর, ২০১৭ খ্রিঃ তারিখের JICA/Lo-1315/2017 সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) এর প্রস্তাব মোতাবেক এইচএসএম ওপি'র ২০১৬-২০১৭ অর্থবছরের JICA ODA Loan PD-P83 এর আওতায় বাস্তবায়িতব্য ০৬টি জেলা হাসপাতালের জন্য যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্যে প্রণীত ৫৪৪৩.৭০ (চুয়ান কোটি তেতাল্লিশ লক্ষ সত্তর হাজার) লক্ষ টাকার সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ জাইকা অফিসের অনাপত্তির আলোকে প্রস্তাবিত যন্ত্রপাতিগুলো ২০১৬-২০১৭ অর্থবছরের পরিবর্তে ২০১৭-২০১৮ অর্থবছরে ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

- (ক) এ অর্থ ব্যয়ে Guidelines for Procurement under Japanese ODA loans, dated April, 2012, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অর্থ বরাদ্দ ও অর্থছাড়ের অনুরোধের সময় লাইন ডাইরেক্টর "JICA Fund"-এর বিষয়টি উল্লেখ করবেন;
- (গ) সকল আইটেম সিএমএসডি'র মাধ্যমে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ক্রয় করতে হবে;
- (ঘ) লাইন ডাইরেক্টর পিপিএর সংশোধিত সিডিউল JICA কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন;
- (ঙ) MRI মেশিন 1.3 Tesla এর পরিবর্তে 1.5 Tesla ক্রয় করতে হবে;
- (চ) ভ্যাট ও ট্যাক্স প্রদানের ক্ষেত্রে JICA এর অনাপত্তির শর্ত পালন করতে হবে;
- (ছ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (জ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে ক্রয়কারী/চাহিদা প্রণয়নকারী দায়ী থাকবেন।

সংযুক্তিঃ ১(এক) পাতা।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। Senior Representative JICA, Bangladesh Office, Uday Tower, 57 & 57A, Gulshan Ave. (South) Circle-1, Dhaka-1212 (Attn: Salma Akter, Senior Program Officer).
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব(উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

\\192.168.0.134\d\Letter\JICA.doc